

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়  
জয়পুরহাট  
(সাধারণ শাখা)  
[www.joypurhat.gov.bd](http://www.joypurhat.gov.bd)

১৭ এপ্রিল, ২০২৪ ঐতিহাসিক মুজিবনগর দিবস উদযাপন উপলক্ষে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:


সভাপতি : সালেহীন তানভীর গাজী  
জেলা প্রশাসক, জয়পুরহাট  
সভার তারিখ : ০৯/০৪/২০২৪ খ্রি.  
সভার সময় : বেলা ০৩.০০ টা  
সভার স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ

উপস্থিতি: পরিশিষ্ট “ক”

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। বক্তব্যের শুরুতেই তিনি গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে; যার জন্ম না হলে বাংলাদেশ স্বাধীন হতো না। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), জয়পুরহাট মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক অনুষ্ঠিত ১৭ এপ্রিল, ২০২৪ ঐতিহাসিক মুজিবনগর দিবস উদযাপন উপলক্ষে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। বিভিন্ন দপ্তর থেকে আগত কমিটির অন্যান্য সদস্যগণ কর্মসূচির বিষয়ে আলোচনায় সক্রিয় অংশগ্রহণ করে এবং তাদের মূল্যবান মতামত ব্যক্ত করেন। সভায় বিভিন্ন কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা করার হয় এবং বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক<br>নং | তারিখ                 | সময়  | কর্মসূচি  | বাস্তবায়ন   |
|--------------|-----------------------|---|---|--|
| ০১           | ১৭<br>এপ্রিল,<br>২০২৪ | সকাল<br>১১.০০ টা  | ১৭ এপ্রিল, ২০২৪ ঐতিহাসিক মুজিবনগর দিবস উদযাপন উপলক্ষে জেলা প্রশাসন চত্বর হতে র্যালি ও র্যালি শেষে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভা আয়োজন        | ১) জেলা প্রশাসন, জয়পুরহাট<br>২) দপ্তর প্রধান (সকল),<br>জয়পুরহাট                                  |
| ০২           | ১৭<br>এপ্রিল,<br>২০২৪ | বাদ<br>মাগরিব   | শহীদ ডা: আবুল কাশেম ময়দানে “১৭ এপ্রিল, ২০২৪ ঐতিহাসিক মুজিবনগর দিবস এবং বাংলাদেশের স্বাধীনতা” শীর্ষক চলচিত্র প্রদর্শনী                                  | জেলা তথ্য অফিসার,<br>জয়পুরহাট   |
| ০৩           | ১৭<br>এপ্রিল,<br>২০২৪ | সন্ধ্যায়   | জেলা শহরসহ জেলার সকল গুরুত্বপূর্ণ সরকারি, বেসরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত এবং বে-সরকারি ভবন/স্থাপনাসমূহে আলোকসজ্জাকরণ                              | ১) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত<br>বিভাগ, জয়পুরহাট<br>২) উপজেলা নির্বাহী<br>অফিসার (সকল), জয়পুরহাট |
| ০৪           | ১৭<br>এপ্রিল,<br>২০২৪ | সংশ্লিষ্ট<br>প্রতিষ্ঠান<br>কর্তৃক<br>নির্ধারিত<br>সময়ে | শিক্ষা প্রতিষ্ঠানসমূহে মুজিবনগর দিবসের তাৎপর্য তুলে ধরে “ঐতিহাসিক মুজিবনগর দিবস এবং বাংলাদেশের স্বাধীনতা” শীর্ষক আলোচনা সভা/মোনাজাত ও প্রার্থনার আয়োজন | ১) সহকারী কমিশনার,<br>শিক্ষা শাখা, জয়পুরহাট<br>২) জেলা শিক্ষা অফিসার,<br>জয়পুরহাট                |
| ০৫           | ১৭<br>এপ্রিল,<br>২০২৪ | বাদ জোহর<br>অথবা<br>সুবিধামত<br>সময়ে                   | মুজিবনগর দিবসের তাৎপর্য তুলে ধরে “ঐতিহাসিক মুজিবনগর দিবস এবং বাংলাদেশের স্বাধীনতা” শীর্ষক আলোচনা ও বিশেষ মোনাজাতের আয়োজন                               | ১) উপপরিচালক, ইসলামিক<br>ফাউন্ডেশন, জয়পুরহাট  |

সকলকে সকল জাতীয় দিবস উপলক্ষ্যে আয়োজিত সকল অনুষ্ঠানে স্বতঃস্ফূর্ত উপস্থিতি কামনা করে উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


  
(সালেহীন তানভীর গাজী)  
জেলা প্রশাসক  
জয়পুরহাট  
ফোন: ০২৫৮৯৯১৫০৫১  
[dcjoypurhat@mopa.gov.bd](mailto:dcjoypurhat@mopa.gov.bd)

স্মারক নম্বর : ০৫.৪৩.৩৮০০.০০৫.৯৯.১৬৯.২২. ৬৫৮

তারিখ : ০২ জুলাই ১৪৩০  
১৫ এপ্রিল ২০২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
- ০৩। পুলিশ সুপার, জয়পুরহাট
- ০৪। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব), জয়পুরহাট
- ০৫। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, জয়পুরহাট
- ০৬। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, জয়পুরহাট
- ০৭। উপজেলা নির্বাহী অফিসার, জয়পুরহাট সদর/পাঁচবিবি/ক্ষেতলাল/কালাই/আক্কেলপুর, জয়পুরহাট
- ০৮। উপপরিচালক,.....জয়পুরহাট
- ০৯। সহকারী কমিশনার,.....জয়পুরহাট কালেক্টরেট
- ১০। জেলা.....
- ১১। অফিস কপি

  
(বিপুল কুমার)  
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)  
জয়পুরহাট  
ফোন: ০২৫৮৯৯১৫০৫২